

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ এপ্রিল ২০২৩খ্রি.

### প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য প্রার্থনায় মেয়র থেকে মজুর সবাই এক কাতারে

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য প্রার্থনায় দোয়া মাহফিলে অংশ নিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ। শুক্রবার শ্রেণী পেশার ব্যবধান ভুলে হাজারো মানুষ প্রধানমন্ত্রী আর তার পরিবারের সদস্যদের সুস্বাস্থ্য কামনা করে দোয়া প্রার্থনা করেন।

শুক্রবার নগরীর লালদীঘিষ্ট মাহবুব উল আলম চৌধুরী চট্টগ্রাম সিটি কর্পোরেশন পাবলিক লাইব্রেরিতে বিশেষ মুনাজাতে বর্তমানে দেশের চলমান উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করেন তারা।

দোয়া মাহফিলের আয়োজন প্রসঙ্গে জানতে চাইলে মেয়র বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারণে বর্তমান জটিল বিশ্ব পরিস্থিতিতেও বাংলাদেশের মানুষ তুলনামূলকভাবে ভালো আছে। দেশের আর্থ-সামাজিক খাতে যে ব্যাপক উন্নয়ন কর্মকান্ড চলছে তার কেন্দ্রবিন্দুতে থাকা প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাতে সুস্বাস্থ্যের সাথে এভাবে দেশকে এগিয়ে নিয়ে যেতে পারেন তার জন্য এ প্রার্থনা।

মেয়রের সাথে দোয়া মাহফিলের পর লাইব্রেরি প্রাঙ্গনে ইফতারি গ্রহণ করেন সব শ্রেণি-পেশার হাজারো মানুষ। উল্লেখ্য এই স্থানে মেয়রের উদ্যোগে প্রতিদিন পাঁচশ মানুষ বিনামূল্যে ইফতার গ্রহণ করেন। কাউন্সিলর জহর লাল হাজারীর ব্যবস্থাপনায় দোয়া মাহফিলে অংশ নেন ইফতেখার কামাল খান, শওকত আনোয়ার বাদল, লিটন দাশ, বিপ্লব চৌধুরী প্রতাপ, উৎপল দাশ, বলরাম চক্রবর্তী, নিপু শর্মা, তাপস দে, জয় চৌধুরী, অভি চক্রবর্তীসহ সিটি কর্পোরেশনের কর্মকর্তা এবং আওয়ামীলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবকলীগ ও ছাত্রলীগ নেতৃবন্দ।

### ১০০০ পরিবার পেল মেয়রের ঈদ উপহার

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উপহার দেয়া ঈদ উপহার পেল এক হাজার দুস্থ পরিবার।

শুক্রবার পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে কাউন্সিলর হাজী নুরুল হক এবং মহানগর যুবলীগ নেতা দেবশীষ পাল দেবুর সহযোগিতায় দুটি পৃথক আয়োজনে প্রধান অতিথি হিসেবে এই উপহার বিতরণ করেন চট্টগ্রাম নগরীর মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। দুটি অনুষ্ঠানে কাউন্সিলর মোহাম্মদ আবদুল মান্নানসহ সামাজিক সংগঠন হাসি ও মহানগর যুবলীগের নেতাকর্মীরা স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করেন। এসময় মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী কাউন্সিলর হাজী নুরুল হক এবং মহানগর যুবলীগ নেতা দেবশীষ পাল দেবুর নেয়া এ মহতী উদ্যোগের প্রশংসা করে বলেন, অসহায় মানুষদের মুখে হাসি ফোটাতে আমাদের এ প্রয়াস। আজকের এ মহতী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট কাউন্সিলর হাজী নুরুল হক এবং মহানগর যুবলীগ নেতা দেবশীষ পাল দেবুরসহ সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সাধারণ মানুষের পাশে বিভবানদের দাঁড়ানোর সর্বশ্রেষ্ঠ সময় এ সিয়াম সাধনার মাস রমজান। আশা করি অন্যরাও এই উদ্যোগে উৎসাহিত হয়ে অসহায় মানুষের পাশে দাঁড়াবেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮